দৈনিক ইত্তেফাক

তারিখ 25 MAY 2017
২৪ ... ১

# বাকৃবিতে দুই হলের শিক্ষার্থীদের মধ্যে সংঘর্ষ

■ বাকৃবি সংবাদদাতা

তুচ্ছ ঘটনাকে কেন্দ্র করে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের(বাকৃবি) আবাসিক দুই হলের শিক্ষার্থীদের মধ্যে সংঘর্ষের ঘটনা ঘটেছে। মঙ্গলবার থেকে বুধবার পর্যন্ত আশরাফুল হক হল ও শহীদ শামসুল হক হলের শিক্ষার্থীদের মধ্যে দফায় দফায় এ সংঘর্ষের ঘটনা ঘটে।

ব্যক্তিগত ঘটনার জের ধরে মঙ্গলবার দুপুরে শামসুল হক হলের দ্বিতীয় বর্ষের সাকিব ফেরদৌস রাতুল ও আশরাফুল হক হলের প্রথম বর্ষের নুরে আলম অনিকের মধ্যে কাটাকাটি হয়। এক পর্যায়ে রাতুল অনিককে মারতে মারতে বোটানিকাল গার্ডেন থেকে প্রশাসন ভবনে নিয়ে আসে। ক্ষিপ্ত অনিক তার হলের সহপাঠীদের নিয়ে রাত ১১টার দিকে শামসুল হক হলের শিক্ষার্থীদের মারধর করে। এরপর বুধবার দুপুর ২টার দিকে বিশ্ববিদ্যালয়ের বকুলতলায় শামসুল হক হলের কয়েকজন আশরাফুল হকের শিক্ষার্থীদের উপর হামলা চালায়। এ সময় শামসুল হক হল থেকে রাম দা ও লাঠিসোটা নিয়ে ধাওয়া করে। এ সময় শামসুল হক হলে অবস্থানরত বাকৃবি ছাত্রলীগের সভাপতি বের হলে আশরাফুল হকের বিক্ষিপ্ত শিক্ষার্থীরা সভাপতিকে গালাগাল করে। সভাপতি দুই হলের শিক্ষার্থীদের শান্ত করেন।

বিশ্ববিদ্যালয়ের প্রক্টর অধ্যাপক ড. একেএম জাকির হোসেন বলেন, বিশৃঙ্খলাকারীদের কাউকে ছাড় দেয়া হবে না। দ্রুত জড়িতদের বিরুদ্ধে কারণ দর্শানোর নোটিস দেয়া হবে।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং...............
তারিখ...............

| | |
|---|---|
| চীফ, পরিসংখ্যান বিভাগ | |
| চীফ, ডি.এল.পি বিভাগ | |
| সিস্টেম এনালিষ্ট | |
| সিস্টেম ম্যানেজার | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি.এ. | |

কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর